



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mowca.gov.bd

বিজ্ঞপ্তি

নম্বর-৩২.০০.০০০০.০২৮.২৩.০২২.২০-১৫২

তারিখ: ০৫ জ্যৈষ্ঠ, ১৪২৮
১৯ মে, ২০২১

বিষয়ঃ বঙ্গমাতা বেগম ফজিলাতুন নেছা মুজিব পদকের ড্রয়িং-ডিজাইন আহ্বান।

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের উদ্যোগে রাজনীতি, অর্থনীতি, শিক্ষা, সংস্কৃতি ও ক্রীড়া, সমাজসেবা, স্বাধীনতা ও মুক্তিযুদ্ধ, গবেষণা এবং কৃষি ও পল্লিউন্নয়ন এ বিশেষ অবদানের জন্য নারীদের সর্বোচ্চ জাতীয় স্বীকৃতিস্বরূপ ০৫ (পাঁচ) জন বাংলাদেশী নারীকে 'বঙ্গমাতা বেগম ফজিলাতুন নেছা মুজিব পদক-২০২১' প্রদান করা হবে। নিম্নে বর্ণিত বঙ্গমাতা বেগম ফজিলাতুন নেছা মুজিব পদকের পরিমাপ ও বর্ণনা অনুসারে উক্ত পদক প্রস্তুতের জন্য এ বিষয়ে অভিজ্ঞ ডিজাইনারদের নিকট হতে পদকের ড্রয়িং-ডিজাইন আহ্বান করা যাচ্ছে। শ্রেষ্ঠ নির্বাচিত ডিজাইনারকে উপযুক্ত সম্মানী প্রদান করা হবে।

পদকের পরিমাপ ও বর্ণনা:

১. পদকের সম্মুখভাগের উপর বঙ্গমাতা বেগম ফজিলাতুন নেছা মুজিব পদক এবং নীচে বাংলাদেশ শব্দ স্পষ্টাক্ষরে লেখা থাকবে। মধ্যাংশে পানিতে ভাসমান জাতীয় ফুল শাপলা, শাপলার দুই পাশে দুইটি ধানের শীষ ও উপরে সংযুক্ত ৩টি পাট পাতা ও পাট পাতার দুই পাশে দুইটি করে চারটি তারকা থাকবে। পদকের পিছনের অংশে উপরে ছোট বৃত্তে বঙ্গমাতা বেগম ফজিলাতুন নেছা মুজিব ঐর প্রতিকৃতি, প্রতিকৃতির বামপার্শ্বে খ্রিষ্টাব্দ এবং ডান পার্শ্বে বঙ্গাব্দ গ্রথিত থাকবে। এর নীচে পদকের জন্য মনোনীত নারীর নাম এবং অবদানের ক্ষেত্র গ্রথিত থাকবে। পদকের রেপ্লিকার সামনে ও পিছনে পদকের অনুরূপ লেখা, ডিজাইন ও প্রতিকৃতি থাকবে।
২. মূল স্বর্ণপদকের পরিধি হবে ৪৫ (পঁয়তাল্লিশ) মিলিমিটার এবং রিং এর মাপ হবে ৩০(ত্রিশ) মিলিমিটার। রেপ্লিকার পরিধি হবে ৩৫(পঁয়ত্রিশ) মিলিমিটার এবং রিং এর মাপ হবে ২৫ (পঁচিশ) মিলিমিটার।

এমতাবস্থায়, আগ্রহী ডিজাইনারগণকে বঙ্গমাতা বেগম ফজিলাতুন নেছা মুজিব পদকের নমুনা সহ বিস্তারিত ড্রয়িং-ডিজাইন সীলমোহরকৃত খামে আগামী ৩১ মে, ২০২১ তারিখের মধ্যে নির্বাহী পরিচালক, জাতীয় মহিলা সংস্থা, ১৪৫ নিউ বেইলি রোড, ঢাকা এর কার্যালয়ে দাখিলের জন্য অনুরোধ করা হলো।

**No Mask
No Service**

সেবা পেতে মাস্ক ব্যবহার করুন

Sattara
১৯/০৫/২০২১

(শারাবান তাহরা)
উপসচিব

ফোন : ০২-৯৫৬৭৪১৭

ই-মেইল: sasmobio-1@mowca.gov.bd